গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৪-১৬৪৪(৪৫)

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪৩১ / ১০ ডিসেম্বর ২০২৪

**"সভার নোটিশ "**

আগামী ১২/১২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল- ১১.৩০ ঘটিকার সময় উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৪ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. .............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১১/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, ..........................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব.............................................................................................................., কালিয়া, নড়াইল।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৪-১৬৪৪(৪৫)

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪৩১ / ১০ ডিসেম্বর ২০২৪

**"সভার নোটিশ "**

আগামী ১২/১২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল- ১১.৩০ ঘটিকার সময় উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৪ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. .............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১১/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, ..........................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব.............................................................................................................., কালিয়া, নড়াইল।

## উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল এর ডিসেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

তারিখ : ১২/১২/২০২৪ খ্রিঃ।
সময় : বেলা-১১.৩০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে সভায় বিগত ১৪/১১/২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিলের সচিত্র হিসাব উপস্থাপনপূর্বক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।

**দাপ্তরিক আলোচনা**

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা পরিষদের নভেম্বর, ২০২৪ মাসের আয় ব্যয়ের হিসাব</td><td colspan="3">
উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অক্টোবর/২০২৪ মাসের আয় ও ব্যয় বিবরণী
<table>
<tr><th>নভেম্বর/২০২৪ মাসের আয়</th><th>টাকা</th><th>নভেম্বর/২০২৪ মাসের ব্যয়</th><th>টাকা</th></tr>
<tr><td>সাব রেজিস্ট্রে অফিস, কালিয়া, নড়াইল হতে ১% অর্থ জমা</td><td>৬৬৪,২৩৮.৪৫</td><td>উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর মজুরী প্রদান, উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীর সিপিএফ ফান্ডে জমা, আপ্যায়ন ব্যয় বিল, কন্টিজেন্সি বিল, পরিষ্কার পরিচ্ছন্নতার মজুরী বিল, চেক ইস্যু বাবদ ব্যাংক কর্তৃক কর্তন এবং অন্যান্য ব্যয়।</td><td>২৭০,৭৮৫</td></tr>
<tr><td>ভাড়া বাবদ জমা</td><td>২,৪০০</td><td></td><td></td></tr>
<tr><td>মোট প্রাপ্ত =</td><td>৬৬৬,৬৩৮.৪৫</td><td>মোট ব্যয়/খরচ =</td><td>২৭০,৭৮৫</td></tr>
<tr><td>প্রারম্ভিক জের =</td><td>১,৯৫৪,৪৮৪.৪৫</td><td>সমাপ্তি জের/ব্যালান্স =</td><td>২,৩৫০,৩৩৭.৯০</td></tr>
<tr><td>সর্বমোট =</td><td>২,৬২১,১২২.৯০</td><td>সর্বমোট =</td><td>২,৬২১,১২২.৯০</td></tr>
</table>
উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের নভেম্বর/২০২৪ মাসের আয় ও ব্যয় বিবরণী
<table>
<tr><th>নভেম্বর/২০২৪ মাসের আয়</th><th>টাকা</th><th>নভেম্বর/২০২৪ মাসের ব্যয়</th><th>টাকা</th></tr>
<tr><td>মোট প্রাপ্ত</td><td>-</td><td>মোট ব্যয়/খরচ</td><td>-</td></tr>
<tr><td>প্রারম্ভিক মোট</td><td>৫৬,৪১,৯৭২.৬৯</td><td>সমাপ্তি জের/ব্যালান্স</td><td>৫৬,৪১,৯৭২.৬৯</td></tr>
<tr><td>সর্বমোট =</td><td>৫৬,৪১,৯৭২.৬৯</td><td>সর্বমোট =</td><td>৫৬,৪১,৯৭২.৬৯</td></tr>
</table>
উল্লেখ্য উক্ত স্থিতির মধ্যে আন্ত বিভাগীয় খেয়াঘাটের ৩৩,৬৬,২৮৫.৩০ (তেত্রিশ লক্ষছেষট্টি হাজার দুইশত পঁচাশি টাকা ত্রিশ পয়শা) টাকা অন্তর্ভুক্ত রয়েছে। আন্ত বিভাগীয় খেয়াঘাটেরঅর্থ বাদে উপজেলা উন্নয়ন তহবিলে ২২,৭৫,৬৮৭.৩৯ (বাইশ লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতাশি টাকা উনচল্লিশ পয়শা) টাকা অবশিষ্ট রয়েছে।
</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, আগামী ২৮/১২/২০২৪ খ্রিঃ পর্যন্ত হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের টিকা দেওয়া হবে। এ উপজেলার ১৪টি ইউনিয়নে ১০,৪৩৬ জনকে উক্ত টিকা দেওয়া হবে। ইতোমধ্যে ৯,৩১৮ জনকে টিকা দেওয়া হয়েছে যার লক্ষ্য মাত্রা ৯৫%। নির্ধারিত সময়সীমার মধ্যে ১০০% টিকা দেওয়া যাবে বলে তিনি সভায় জানান। পাশাপাশি তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলমান রয়েছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে, মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথ প্রতিপালন পূর্বক হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের টিকা নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ স্বচ্ছতার মাধ্যমে প্রদানের পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল।</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, এ উপজেলায় মোট সক্ষম দম্পতি ৪৭,২৪২ জন। এদের মধ্যে পদ্ধতি গ্রহণকারী সংখ্যা ৩৭,৫১৩ জন, মোট গর্ভবতীর সংখ্যা ১,৬১৪ জন। তিনি আরো বলেন তার দপ্তর হতে ৩,৯৯৪ জনকে শিশু সেবা, ৫৩০ জনকে গর্ভবতী সেবা, ২১,২৮৯ জনকে পুষ্টি সেবা এবং ২৪২ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি ৫ জনকে এফডব্লিউসিতে স্বাভাবিক ডেলিভারী করানো হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।</td><td>বিস্তারিত আলোচনান্তে, আগত সেবা প্রত্যাশিদের মাঝে শতভাগ স্বচ্ছতার সহিত সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ৫৫৫০জন কৃষকের মাঝে রবিশষ্যের প্রণোদনার আওতায় বীজ ও সার বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। তন্মধ্যে সরিষা ৩১০০ জন, মসুর ৭০০ জন, খেসারী ৯০০ জন, পেয়াজ ৫০ জন ও গম ৫০০ জনের মাঝে বিতরণ করা হয়েছে। সূর্যমুখী ও চীনাবাদাম বিতরণ চলমান রয়েছে। মুগ বীজ প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। ১৯৮০ জনের মধ্যে হাইব্রিড সবজী বীজ ও সার বিতরণ শেষ হয়েছে। হাইব্রিড ধান বীজের আওতাভুক্ত ৭,০০০ জন কৃষদের মাঝে বিজ বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। তিনি আরো বলেন, প্রণোদনা কর্মসূচীর আওতায় সমলয়ে ধান চাষ কার্যক্রম চলমান রয়েছে। এ উপজেলার কলাবাড়িয়া ইউনিয়নে ৫০ একর জমিতে মেশিনের মাধমে ধানের চারা রোপন করা হবে। পাশাপাশি তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, প্রণোদনা কর্মসূচীর আওতায় সমলয়ে ধান চাষ পদ্ধতিটি সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৫ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, জাটকা মাছ রক্ষার্থে তার দপ্তর হতে অভিযান চলমান রয়েছে। তিনি আরো জানান যে, যদি কোন ইউনিয়নের স্থানীয় মাছ বাজার উন্নয়ন করার প্রয়োজন হয় তার দপ্তর হতে সার্বিক সহযোগিতা করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>৫.ক) জাটকা মাছ রক্ষার্থে অভিযান আরো জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫.খ) যে সকল ইউনিয়নের স্থানীয় মাছ বাজার উন্নয়ন প্রয়োজন সে লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল।<br>খ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, গত ২৭/১১/২০২৪ খ্রিঃ তারিখে এ উপজেলার সংশ্লিষ্ট দপ্তরে যোগদান করেছেন। তার দপ্তরের বর্তমানে কোন অফিসার সংকট নেই। তার দপ্তর হতে আগামী দিনে প্রণিসম্পদ সেবায় আরো গতিশীলতা আসবে বলে আশাবাদী। চলতি মাসে তার দপ্তরে কোন কার্যক্রম চলমান নেই। তার দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার গবাদি পশুসহ অন্যান্য প্রাণির সঠিক সময়ে সঠিক চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৭ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বদলি হয়েছেন। নতুন অফিসার এ কার্যালয় এখনো যোগদান করেন নাই। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার না থাকায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, প্রকল্প বাস্তবায়ন কার্যালয় হতে যে সকল প্রকল্পের কাজ চলমান রয়েছে তা শতভাগ সম্পন্ন করা প্রয়োজন। তিনি জানান যে, বিভিন্ন ইউনিয়নে বীর নিবাসের কাজ চলমান রয়েছে। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের মধ্যে ৩টি বক্স কালভার্ট এবং ৩টি গার্ডার সেতু মোট ৬টি সেতু/ কালভার্ট প্রকল্পের কাজ চলমান রয়েছে। বিভিন্ন জায়গায় পানি থাকার কারনে সেতু/কালভার্ট প্রকল্পের কাজ বন্ধ রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বীর নিবাস নির্মাণ প্রকল্পে ৩টি প্যাকেজে ১২টি বীর নিবাস নির্মাণ প্রকল্পের মধ্যে ৮টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>৭.ক) সেতু/কালভার্টের বন্ধ থাকা প্রকল্পের কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৭.খ) চলমান প্রকল্পের কাজ শতভাগ স্বচ্ছতার সাথে দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করাসহ পরবর্তী সভায় চলমান পকল্পের অগ্রগতি প্রতিবেদন ছবিসহ উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানা যে, প্রতিবন্ধী ভাতা এবং বেদে ও অনগ্রসর ভাতার অনলাইন আবেদনের সময়সীমা ৩০/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে ২য় কিস্তির পেরোল প্রদানের জন্য মৃত ভাতাভোগীদের পরিবর্তে ভাতা পারা যোগ্য ব্যক্তিদের প্রতিস্থাপনের তালিকা চেয়ে উপজেলার ১টি পৌরসভা ও ১৪টি ইউনিয়নে চিঠি প্রেরণ করা হয়েছে। তান্মধ্যে শুধু সালামাবাদ ইউনিয়ন হতে তালিকা পাওয়া গেছে। আগামী ২০/১২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে পেরোল প্রদাণ করতে হবে। সে লক্ষ্যে নির্ধারিত সময়ের আগে পৌরসভাসহ বাকি ইউনিয়ন পরিষদ হতে মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপনের জন্য তালিকা প্রদানের অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচানান্তে,<br>৮.ক) নির্ধারিত সময়ের মধ্যে কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়ন হতে প্রতিবন্ধী ভাতা এবং বেদে ও অনগ্রসর ভাতার অনলাইন আবেদন কার্যক্রম সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.খ) নির্ধারিত সময়ের মধ্যে পেরোল প্রদানের জন্য আগামী ১৬/১২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে মৃত ভাতাভোগীদের তালিকা সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল।<br>খ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, সর্বমোট ১৫৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গত ১১/১২/২০২৪ খ্রিঃ তারিখে বার্ষিক পরীক্ষা শেষ হয়েছে। ১২/১২/২০২৪ খ্রিঃ তারিখ হতে ২৮/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত শীতকালীন অবকাশ উপলক্ষে | বিস্তারিত আলোচনান্তে, চলতি মাসের শেষেরদিকে একটি দিনে এ উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বর্ষিক পরিক্ষার | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকবে। তারন্য উৎসব ২০২৫ উদ্‌যাপন শুরু হয়েছে। বার্ষিক পরিক্ষার ফলাফল ডিসেম্বর/২০২৪ মাসের শেষের দিকে দেওয়া হবে। দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | ফলাফল প্রকাশের ব্যবস্তা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নড়াইল। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীতে ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতি ইউনিয়নে মাস প্রতি ৫ জন উপকারভোগী নির্বাচনের নির্দেশনা পওয়া গিয়েছে। সে আলোকে কার্যক্রম চলমান রয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রমের আওতায় চলতি অর্থ বছরে কোন ঋণ বিতরণ করা হয়নি। বিতরণকৃত ঋণ আদায়ের হার ৬০%। এ উপজেলায় ২৩৬৩ জন ভিডব্লিউবি উপকারভোগী রয়েছে। চলতি মাসের চালের ছাড়পত্র প্রদান করা হয়েছে। আগত ২০২৫-২০২৬ অর্থ বছরের নতুন উপকারভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে। তিনি আরো বলেন, ভিজিডির চাল বিতরণ কার্যক্রম সন্তোষজনক। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, ভিজিডি চাল বিতরণ কার্যক্রম আরো সন্তোষজনক ভাবে পরিচালনার লক্ষ্যে সকল ট্যাগ অফিসারদের উপস্থিতিতে ভিজিডির চাল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ডিসেম্বর/২০২৪ মাসে ০১টি ব্যাচে ৩০ (পুরুষ-১৮, মহিলা-১২) জন যুব/যুব মহিলাকে গবাদি পশু ও হাঁস-মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। চলতি অর্থ বছরে ডিসেম্বর/২০২৪ মাস পর্যন্ত ৫৭ (পুরুষ-৩০, মহিলা-২৭)জন প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে=২২,৮০,০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হয়ছে। চলতি অর্থ বছরে ডিসেম্বর/২০২৪ মাসে ০২ জন যুব/যুব মহিলাকে স্বকর্মসংস্থানের মাধ্যমে আত্মকর্মী হিসাবে গড়ে তোলা হয়েছে। এছাড়া ডিসেম্বর/২০২৪ মাস পর্যন্ত ৫৭ জন যুব/যুব মহিলাকে স্বকর্মসংস্থানের মাধ্যমে আত্মকর্মী হিসাবে গড়ে তোলা হয়েছে। চলতি মাস পর্যন্ত ০৫ (পুরুষ-৩, মহিলা-২)জনকে বায়োগ্যাসপ্লান্ট প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে ২,৫০,০০০/- টাকা বায়োগ্যাসপ্লান্ট ঋণ বিতরণ করা হয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১১.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে বিতরণকৃত ঋণের অর্থ শতভাগ সচ্ছতার সাথে আদায়কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.খ) যুব/যুব মহিলাদের স্বকর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১২ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপির প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। এডিপির ২য় কিস্তির বরাদ্দ পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। তিনি সভায় উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের তাদের ইউনিয়নের জনস্বার্থে অপরিহার্য প্রকল্পসমূহের তালিকা প্রণয়নের অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, সকল ইউনিয়নের জনস্বার্থে অপরিহার্য প্রকল্পসমূহের তালিকা প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের নিকট জরুরী ভিত্তিতে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া<br>খ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে অনুমোদিত ৬০ টি গভীর নলকূপের মধ্যে ৪৫টি নলকূপের কাজ সমাপ্ত হয়েছে। এ উপজেলার ১৩ নং বড়নাল ইলিয়াছাবাদ ইউনিয়নে বিশুদ্ধ পানির উৎস ও স্যানিটেশন প্রকল্প এবং সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কার্যক্রম চলমান আছে। উক্ত ইউনিয়নে ০২টি প্রকল্পের আওতায় ০২টি সাবমার্সিবল উৎপাদক গভীর নলকূপ, ওএইচটি=১টি, ১টি পাম্পহাউজসহ ৮.০০ কিঃমিঃ পানির সাপ্লাই লাইন বরাদ্দ আছে এবং উক্ত প্রকল্পে ৩৫০টি পরিবার উপকৃত হবে। পাশাপাশি ৫৫টি বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। ২৫টি বিদ্যালয়ের ওয়াস ব্লক নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৩.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে অনুমোদিত নলকূপের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৩.খ) মানবসম্পদ বিষয়ক পানির উৎস ও স্যানিটেশন প্রকল্পের কাজ শতভাগ স্বচ্ছতার সহিত নির্দিষ্ট সময়ের মধ্যে দ্রুততার সহিত সম্পন্ন করার প্রয়োজনীয় পক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরর হতে ০৮ (আট)টি আশ্রয়ন প্রকল্পের ঋণ দাদন ১০০% এবং আদেয়র হার ৫৩%। দাদনকৃত ঋণ সদস্যরা যথাযথ ভাবে ব্যবহার করছে এবং তারা উপকৃত হয়েছে। এ বিভাগের নিবন্ধিত সমবায় সমিতিগুলো অনলাইনের আওতায় আনার কার্যক্রম চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, যথাযথ তদারকির মাধ্যমে দাদনকৃত ঋণসমূহ নির্দিষ্ট খাতে ব্যবহার পূর্বক যথাসময়ে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় ফরেষ্টার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ১০ম শ্রেণির নির্বাচনী পরীক্ষা চলমান। উক্ত পরীক্ষায় প্রায় সকল শিক্ষার্থী অংশগ্রহণ করেছে। নির্বাচনী পরীক্ষায় কোন শিক্ষার্থী উত্তীর্ণ হতে না পারলে সে সকল শিক্ষার্থী মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ বিষয়ে শিক্ষার্থীর পরিবারকে অবগত করাতে হবে বলে জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিত করণের ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ভোটার স্থানান্তরের ক্ষেত্রে পুরষ ভোটার একবার ও মহিলা ভোটার দুই বার আবেদনের প্রেক্ষিতে ভোটার এলাকা স্থানান্তর করতে পারবে। তিনি আরো জানান যে বুদ্ধি প্রতিবন্ধীদের ভোটার হওয়ার কোন সুযোগ নেই। ২০২২ থেকে ২০২৪ সাল পর্যন্ত যে সকল ভোটার নিবন্ধিত হয়েছেন আগামী ০২/০৩/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সে সকল ভোটারের কোন ভুল সংশোধনী থাকলে তা কোন খরচ ব্যতীত সংশোধন করা যাবে। তিনি আরো বলেন, এ উপজেলার বিভিন্ন ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠান হতে জাল সনদ/সার্টিফিকেট প্রদান করছেন। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৭.ক) মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে ২০২২ থেকে ২০২৪ সাল পর্যন্ত যে সকল ভোটারের ভুল সংশোধন করা প্রয়োজন তা শতভাগ স্বচ্ছতার সাথে প্রতিপালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৭.খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের সনদ/সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে নিদৃষ্ট রেজিষ্টার সংরক্ষণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল।<br>খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্পের মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে। মাসিক কৃষি মজুর তথ্য সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি আউশ ফসল, পাট ফসল ও আমন ফসলের আনুমানিক তথ্য সংগ্রহ করা হয়েছে। পাট ফসলের মুল্য ও উৎপাদন খরচ জরিপ তথ্য সংগ্রহ করা হয়েছে। অর্থনৈতিক শুমারি-২০২৩ প্রকল্পের মুল পর্বের তথ্য সংগ্রহ চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহিরগমন সংখ্যা ভিত্তিক তথ্য এবং অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতি নিরুপন সংক্রান্ত সুস্পষ্ট তথ্য উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। খাদ্যবান্ধব এ অর্থ বছরে ৫ মাসের চাল বিতরণ করা হয়েছে এবং প্রতি বারে ৩০৯.৯৯০ মে. টন চাল বিতরণ করা হয়। বর্তমানে কালিয়া খাদ্য গুদামে ৪৮৭.০০৪ মে. টন চাল মজুদ রয়েছে। বড়দিয়া খাদ্য গুদামে ১৫৮.২৮৫ মে. টন চাল মজুদ রয়েছে। তিনি জানান যে, ৩০ টাকায় চাল ও ২০ টাকায় আটা বিক্রয়ের ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশ ধান সংগ্রহের বরাদ্দ পাওয়া গেছে। অনলাইনে আবেদনের মাধ্যমে সরকার নির্ধারিত ৩৩/- রেটে ধান সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১৯.ক) কালিয়া পৌরসভায় ব্যাপক মাইকিংসহ পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে শতভাগ স্বচ্ছতার সাথে ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৯.খ) শতভাগ স্বচ্ছতার সাথে সরকার নির্ধারিত রেটে ধান সংগ্রহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিয়া, নড়াইল। নড়াইল। |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে মোট আয় ৩,২১,৩০২/-, মোট ব্যয় ৩,৭১,৩৯৮/-। ২০২৪-২০২৫ অর্থ বছরে তার দপ্তর হতে বিতরণকৃত মোট লক্ষ্য মাত্রা ৩৫,৮৫,০০০/- অর্জন ১৮,১০,০০০ হার ৫১%। তন্মধ্যে ক্ষুদ্র ঋণ বিতরণ খাতের লক্ষ্য মাত্রা ১৫,০০,০০০/- অর্জন ২,৯০,০০০/- হার ২০%, নারী উদ্যোক্তা ঋণ খাতের লক্ষ্য মাত্রা ৫,০০,০০০/- অর্জন ৩,৭০,০০০/- হার ৭৪%, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণবিতরণ খাতের লক্ষ্য মাত্রা ১০,৮৫,০০০/-, অর্জন ৯,৫০,০০০/- হার ৮৮%, প্রনোদনা ঋণ বিতরণ (কোভিড ঋণ) খাতের লক্ষ্য মাত্রা ৩,০০,০০০/- অর্জন নাই এবং কৃষি জীবিকায়ন ঋণ বিতরণ লক্ষ্য মাত্রা ২,০০,০০০/- অর্জন ২,০০,০০০/- হার ১০০%। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, শতভাগ স্বচ্ছতার সহিত ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কালিয়া উপজেলা কার্যালয়, খুলনা অঞ্চল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা পাট অফিস | উপজেলা পাট কর্মকর্তা , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ কোন বরাদ্দ পাওয়া যায় নাই। পাশাপাশি পাট চাষীদের তালিকা সংশোধনের কাজ চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে, পাট চাষীদের মধ্যে শতভাগ স্বচ্ছতার সাথে পাটের বীজ ও সার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পাট কর্মকর্তা , কালিয়া, নড়াইল। |
| ২২ | বিবিধ-১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে প্রতি বছর এ উপজেলার বীর মুক্তযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারকে সংবর্ধনা প্রদান করা হয়। প্রতিবারের ন্যায় আগত ১৬ ডিসেম্বর ২০২৪ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের আলোকে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(খ) অনুচ্ছেদে প্রতি বছর জাতীয় দিবস উদ্‌যাপন খাতে ১,০০,০০০/- ব্যয় করার বিধান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে এ উপজেলার বীর মুক্তযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারকে সংবর্ধনা প্রদানের জন্য উক্ত খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| ২৩ | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের গোপনীয় শাখার প্রিন্টারটি নষ্ট হওয়ায় উপজেলা পরিষদের বিভিন্ন কার্যক্রম সম্পাদনে বাধাগ্রস্থ হচ্ছে। পাশাপাশি উপজেলা পরিষদের কনফারেন্স রুমের ডিজিটাল ব্যানার প্রদর্শনের জন্য ক্যাবল ও মাল্টিপ্লাগ প্রয়োজন। তিনি আরো জানান যে, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(এ) অনুচ্ছেদে প্রতি বছর অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাতে ৫০,০০০/- ব্যয় করার বিধান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে পরিচালনার জন্য একটি প্রিন্টার এবং কনফারেন্স রুমের ডিজিটাল ব্যানার প্রদর্শনের জন্য ক্যাবল ও মাল্টিপ্লাগ বাবদ সর্বমোট= ২৪,৭৫০/- (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রয়োজনীয় সরঞ্জামাদি ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রাশেদুজ্জামান)
প্রশাসক
কালিয়া উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৪-৯৬৮৩(৫০) তারিখ: ১৮/১২/২০২৪ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।
৫। উপজেলা .............................................................অফিসার,কালিয়া,নড়াইল।
৬। চেয়ারম্যান,.................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

## "পরিশিষ্ট-ক"

বিষয় ঃ উন্নয়ন সমন্বয় কমিটির সভার ১২/১২/২০২৪ খ্রি. তারিখে উপস্থিতির হাজিরা।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ১নং বাবরাহাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০২ | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৩ | চেয়ারম্যান, ৩নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৪ | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৫ | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৬ | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৭ | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৮ | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৯ | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১০ | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১১ | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১২ | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৪ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৫ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৬ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৭ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৯ | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৪ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৫ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৬ | উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৭ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৮ | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৯ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩০ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩১ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩২ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৩ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৪ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৫ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩৬ | উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |

(মোঃ রাশেদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

Rajulation meting of co-ordinator/124

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরা:
মাসের নাম: ডিসেম্বর/২০২৪ তারিখ : ১২/১২/২০২৪ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, ১নং বাবরা হাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০২। | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১২/১২/২০২৪ |
| ০৩। | চেয়ারম্যান, ৩ নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১২/১২/২০২৪ |
| ০৪। | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | |
| ০৫। | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১২/১২/২৪ |
| ০৬। | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | 12.12.24 |
| ০৭। | চেয়ারম্যান, ৭নং জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১২/১২/২৪ |
| ০৮। | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১২.১২.২৪ |
| ০৯। | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | A |
| ১০। | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১২/১২/২০২৪ |
| ১১। | চেয়ারম্যান, ১১ নং পেড়লী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | A |
| ১২। | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১২/১২/২৪ |
| ১৩। | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১২/১২/২৪ |
| ১৪। | চেয়ারম্যান, ১৪নং পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | ১২/১২/২০২৪ |

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরা:
মাসের নাম: ডিসেম্বর/২০২৪ তারিখ : ১২/১২/২০২৪ খ্রিঃ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০২ | সহকারী কমিশনার (ভুমি), কালিয়া, নড়াইল। | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৬ | অতিরিক্ত পুলিশ কমিশনার (সার্কেল), কালিয়া, নড়াইল। | |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | ১২/১২/২৪ |
| ০৮ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ০৯ | অফিসার ইনচার্জ, কালিয়া থানা, কালিয়া, নড়াইল। | |
| ১০ | অফিসার ইনচার্জ, নড়াগাতী থানা, কালিয়া, নড়াইল। | |
| ১১ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | ১২/১২/২০২৪ |
| ১২ | সাব রেজিষ্টার, কালিয়া, নড়াইল। | |
| ১৩ | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ১৪ | উপজেলা সমাজ সেবা অফিসার, কালিয়া, নড়াইল। | ১২/১২/২৪ |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | ১২/১২/২৪ |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | ১২/১২/২৪ |

| | | |
|---|---|---|
| ১৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল। | A |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিয়া, নড়াইল। | ২১/১১/২৪ |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | A Shafi ২১/১১/২৪ |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ২১ | উপজেলা প্রকল্প অফিসার, পজিপ, বিআরডিবি, কালিয়া, নড়াইল। | A |
| ২২ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল। | ২১/১১/২০২৪ |
| ২৩ | উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিয়া, নড়াইল। | ২১/১১/২৪ |
| ২৪ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। | A |
| ২৫ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | |
| ২৬ | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। | ২১/১১/২০২৪ |
| ২৭ | ইন্সট্রাক্টর,উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল । | ২১/১১/২০২৪ |
| ২৮ | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। | ২১/১১/২৪ |
| ২৯ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ৩০ | ফরেষ্টার,উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | A |
| ৩১ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া। | A |
| ৩২ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | Brishti |
| ৩৩ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | ২১/১১/২৪ |

| | | |
|---|---|---|
| ৩৪ | উপজেলা আইসিটি অফিসার, কালিয়া, নড়াইল। | |
| ৩৫ | উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, কালিয়া, নড়াইল। | A |
| ৩৬ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | A |
| ৩৭ | গ্রাম আদালত, কালিয়া, নড়াইল। | A |
| ৩৮ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, কালিয়া, নড়াইল। | ১২/১২/২৪ |
| ৩৯ | প্রধান শিক্ষক, পাকুড়তলা মাধ্যমিক বিদ্যালয়, কালিয়া, নড়াইল | ১২/১২/২৪ |
| ৪০ | দীপঙ্কর কুমার ঘোষ, উপ-বিভাগীয় প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, নড়াইল। | 12/12/24 |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |